বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬২

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭১তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭১তম কমিশন সভা অদ্য ০২/০৯/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর তফসিল-৪ (ডিপজিটরি প্রদত্ত সেবার ফি) -এর ক্রমিক নং ৩ এর (ফি হার) সংশোধনী প্রস্তাব চূড়ান্তভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। যথাযথভাবে জনমত এবং সংশ্লিষ্টদের মতামত-পরামর্শ বিবেচনায় নিয়েই সংশোধনী প্রস্তাব চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। এটি যথাশীঘ্র সরকারি গেজেটে প্রকাশের মাধ্যমে কার্যকর করা হবে।

চূড়ান্ত সংশোধনী অনুযায়ী বার্ষিক ডিপজিটরি (বিও) হিসাব রক্ষণাবেক্ষণ ফি হার ১৫০/- টাকা নির্ধারণ করা হয়েছে যা ডিপজিটরি, ডিপজিটরি পার্টিসিপেন্টস (DP) ও বিএসইসির মধ্যে সমভাবে বন্টিত হবে অর্থ্যাৎ প্রত্যেকে ৫০/- টাকা হারে উক্ত ফি প্রাপ্ত হবেন।

উল্লেখ্য, সরকারি গেজেটে প্রকাশের মাধ্যমে এটি কার্যকর হবে অর্থ্যাৎ ২০২৫-২৬ অর্থবছরের থেকে এটি কার্যকর হবে। পূর্ববর্তী অর্থবছরের ক্ষেত্রে সংশোধন পূর্ববর্তী বিধান অনুযায়ী ডিপজিটরি ফি (অর্থ্যাৎ ৪৫০/- টাকা হারে) প্রযোজ্য থাকবে।

২। ২০২৫-২৬ অর্থবছরের অগ্রিম বার্ষিক ডিপজিটরি (বিও) হিসাব রক্ষণাবেক্ষণ ফি হিসাবায়নের সময়সীমা ১৫/১০/২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। মাননীয় প্রধান উপদেষ্টার বৈঠক (১১ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত) এর দেশি-বিদেশি বৃহৎ কোম্পানিসমূহকে পুঁজিবাজারে আনয়নের নির্দেশনার আলোকে পাবলিক ইন্টারেস্ট এনটিটি (Public Interest Entity)-সমূহকে দেশের পুঁজিবাজারে অন্তর্ভুক্তির বিষয়ে বিশদ পর্যালোচনা পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

02/09/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র